

## দুস্থ মানুষদের জন্য আইনি পরিশেবা দিচ্ছে বেসরকারি ইউনিভার্সিটি



02 Mar 2024 . 6:41 PM

বারাসাতঃ সাধারণ দুস্থ মানুষদের জন্য আইনি পরিশেবা দিচ্ছে একটি বেসরকারি ইউনিভার্সিটি। শনিবার বারাসাতের কাজিপাড়ায় বেসরকারি ইউনিভার্সিটির একটি কর্মশালা হয়। ইউনিভার্সিটির আইন বিভাগের প্রধান ডঃ কৌশিক ব্যানার্জি তিনি বলেন, সময়ের সঙ্গে সঙ্গে আইন পরিশেবার ক্ষেত্রেও আধুনিক পরিশেবা এসেছে।

সেক্ষেত্রে অপরাধ জগতে আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সি ও কমপিউটিশানাল ইন্টেলিজেন্সি এর ব্যবহার হচ্ছে।

মানুষ এবং আইনের ছাত্র-ছাত্রীদের সে বিষয়ে অবগত করতেই এই কর্মশালার আয়োজন করা হয়েছে। এদিনের অনুষ্ঠানে ইউনিভার্সিটির কর্মকর্তা ছাড়া উপস্থিত ছিলেন অধ্যাপক ডঃ অনির্বান মজুমদার, অধ্যাপিকা ডঃ কভিতা সিং, অধ্যাপক ডঃ জয়ন্ত কুমার সাহা সহ অন্যান্যরা। ইউনিভার্সিটি রেজিস্টার মহুয়া পাল বলেন, আমরা শুধু ছাত্র-ছাত্রীদের উন্নত শিক্ষা প্রদান করি তাই নয় সমাজের মানুষের জন্যও নানান পরিশেবা দিয়ে থাকি।